

দ্রষ্টব্য: দক্ষিণ পাশ্চাত্য সংখ্যা প্রণেত্রের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ নিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও।

১. জনাব আলম একজন চালের দোকানের মালিক। তার দোকানে তিনি বিভিন্ন ধরনের চাল বিক্রয় করেন। বিক্রয়ের জন্য তিনি অনেক পরিমাণের চালের বস্তা দেশের বিভিন্ন স্থানে থেকে এনে সেগুলো একটি নির্দিষ্ট জায়গায় সংরক্ষণ করে রাখেন। এতে করে চাহিদা অনুযায়ী তিনি ভোক্তাদের কাছে পণ্য সরবরাহ করতে পারেন। দিন দিন ব্যবসায়ের সুনাম বৃদ্ধির পাশাপাশি মুনাফার পরিমাণও বাড়ছে।

- গুদামজাতকরণ কী? ১
- ব্যবসায়ের কেন পণ্য গুদামজাতকরণ করা হয়? ২
- পণ্য গুদামজাতকরণের কারণে জনাব আলম তার ব্যবসায়ের কোন সুবিধাটি পাচ্ছে তা ব্যাখ্যা করো? ৩
- তুমি কী মনে করো ব্যবসায়িক সুনামই জনাব আলমের ব্যবসায়ের সফলতা এনেছে? মতামত দাও। ৪

২. রাতুল তার মাসরুম চাষের জন্য ইউনিক ব্যাংক হতে ১ লক্ষ টাকা ঋণ নেয়। পরবর্তীতে মাসরুমের ভালো ফলন হওয়ায় বিক্রয়ের জন্য বিভিন্ন জেলায় ক্রেতাদের সাথে যোগাযোগ স্থাপনের জন্য কমিশনের বিনিময়ে বেশ কিছু লোক নিয়োগ দেয়। উক্ত লোকদের মালিকানা স্বত্ব না থাকলেও মাসরুম ক্রয়-বিক্রয়ে তারা সহায়তা করে। এরা রাতুলের ব্যবসায়ের কোন মূলধনও বিনিয়োগ করে না।

- ফড়িয়া কাকে বলে? ১
- তথ্য সরবরাহের জন্য বর্ধন প্রণালী কীভাবে ভূমিকা রাখে? ২
- রাতুল কোন ধরনের মধ্যস্থ ব্যবসায়ীর সহায়তায় মাসরুম বিক্রয় করছে? ব্যাখ্যা করো। ৩
- ক্রেতার সাথে রাতুলের যোগাযোগের জন্য উক্ত মধ্যস্থ ব্যবসায়ীদের ভূমিকা মূল্যায়ন করো। ৪

৩. এমবিএ ডিগ্রি অর্জনের পর মলি এবং পলি সম্মিলিত প্রচেষ্টায় আইনগত এবং বৈধ উপায়ে একটি সংস্থা প্রতিষ্ঠা করেন। সংস্থাটি বেকার যুবক-যুবতীদের বিশেষ করে শিক্ষিতদেরকে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ দিয়ে দক্ষ করে তোলেন। পরবর্তীতে এ সকল প্রশিক্ষণ গ্রহণকারীরা বিভিন্ন ক্ষুদ্র ক্ষুদ্র ব্যবসায় গড়ে তোলেন।

- প্রতিযোগী কোন পরিবেশের উপাদান? ১
- জনগোষ্ঠীকে বিপণন পরিবেশের মূল উপাদান বলা হয় কেন? ব্যাখ্যা করো। ২
- উদ্দীপকে সংস্থাটি কোন পরিবেশের উপাদান? ব্যাখ্যা করো। ৩
- মলি এবং পলির সংস্থাটি বাংলাদেশের অর্থনীতিতে কীভাবে ভূমিকা পালন করছে তা মূল্যায়ন করো? ৪

৪. ইউনিলিভার একটি আন্তর্জাতিক ব্যবসায় প্রতিষ্ঠান। এটি অঞ্চলভিত্তিক পাইকারের মাধ্যমে পণ্য বিক্রয়ের ব্যবস্থা করে থাকে। এটি পাইকারদেরকে নির্দিষ্ট বিক্রয় টার্গেটের বিপরীতে ক্রয়ভাতা, বিজ্ঞাপন ভাতা এবং বিভিন্ন ধরনের গিফটের অফার দেন। এছাড়াও অক্ষ সিজনগুলোতে বাদ্য পণ্যগুলোতে প্রিমিয়াম প্রদান করায় তাদের অবস্থান বাজারে সুদৃঢ় হয়।

- পুশমানি কী? ১
- মূল্য ছাড় বলতে কী বোঝায়? ২
- ইউনিলিভার কোন ধরনের বিক্রয় প্রসার কার্যক্রম পরিচালনা করে? বর্ণনা করো। ৩
- ইউনিলিভার কেন প্রিমিয়াম প্রদান করে? স্থার যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

৫. ফরিদপুরের শরিফুল ঐ এলাকায় উৎপাদিত পেঁয়াজ চাষীদের কাছ থেকে উৎপাদন মৌসুমে অধিক পরিমাণে সংগ্রহ করে রাখে। নিজস্ব গুদামে এসব পেঁয়াজ সংরক্ষণ করেন। বছরের অন্যান্য সময় সে শহরের বাজারে পেঁয়াজ ব্যবসায়ীদের কাছে এক-দুই মণ করে পেঁয়াজ বিক্রয় বাবদ মুনাফা অর্জন করে।

তবে স্থানীয় বাজারের কিছু বিশ্বস্ত ব্যবসায়ীদের নিকট অনেক সময় বাকিতেও পেঁয়াজ বিক্রয় করে।

- সাধারণ পাইকারি ব্যবসায়ী কাকে বলে? ১
- খুচরা ব্যবসায়ের আয়তন সাধারণত ক্ষুদ্র হয় কেন? ২
- শরিফুল কোন ধরনের ব্যবসায়ের সাথে যুক্ত? বর্ণনা করো। ৩
- বিশ্বস্ত স্থানীয় ব্যবসায়ীদের কাছে বাকিতে পেঁয়াজ বিক্রয় করার যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

৬. নদী একজন সৌন্দর্য সচেতন নারী। তিনি প্রতি মাসেই বেশ কয়েকবার বিউটি পার্লারে গিয়ে ফেসওয়াশ করান। সাধারণ পার্লারে তিনি ২০০ টাকায় ফেসওয়াশ করতে পারলেও তিনি সেখানে না গিয়ে পারসোনা পার্লারে গিয়ে ২,০০০ টাকা দিয়ে ফেসওয়াশ করান।

- বিপণন কীসের ওপর সর্বোচ্চ গুরুত্ব প্রদান করে? ১
- ক্রেতাদের প্রয়োজন সম্পর্কে জানতে হবে কেন? ব্যাখ্যা করো। ২
- নদীর ক্ষেত্রে 'পারসোনা' বেছে নেয়ার কারণ কোনটি? বর্ণনা করো। ৩
- উদ্দীপকে পারসোনা পার্লারের সাথে সাধারণ পার্লারের প্রতিযোগিতা করতে কী কী পদক্ষেপ গ্রহণ করা উচিত বলে তুমি মনে করো? ৪

৭. সামির WALTON প্রতিষ্ঠানে নতুন নিয়োগ পাওয়া একজন বিক্রয়কর্মী। সে কয়েক দিন প্রশিক্ষণ গ্রহণ করে প্রতিষ্ঠানটির পণ্য WALTON ফ্রিজ মাঠ পর্যায়ে বিক্রয় কাজে যোগ দেয়। সুন্দর বাচনভঙ্গি ও উপস্থাপনার ফলে সামির কয়েক মাসের মধ্যেই প্রতিযোগীদের তুলনায় অধিক বিক্রয় এবং গ্রাহক সৃষ্টি করে। ফলে কর্মকর্তারা সবাই সামিরের প্রতি সন্তুষ্ট।

- বিক্রয় প্রতিনিধি কাকে বলে? ১
- ব্যক্তিক বিক্রয় কীভাবে স্থায়ী ক্রেতা সৃষ্টি করে তা ব্যাখ্যা করো। ২
- সামিরের WALTON ফ্রিজ বিপণনের কৌশলকে কী বলা হয়? ব্যাখ্যা করো। ৩
- WALTON ফ্রিজের চাহিদা সৃষ্টিতে সামিরের তাৎপর্য মূল্যায়ন করো। ৪

৮. মর্ডান টয়লেট্রিজ লিমিটেড শিশুদের জন্য নানান ধরনের পণ্যসামগ্রী বিক্রয় করে। প্রতিষ্ঠানটি তাদের উৎপাদিত লোশন ১-৫, ৫-১০ এবং ১০-১৮ বছর বয়স অনুযায়ী ভাগ করে বাজারে ছেড়েছে। আসছে শীত উপলক্ষে প্রতিষ্ঠানটি ঘোষণা দেয় একসাথে তাদের দুটি লোশন ক্রয় করলে ৫% বাট্টা প্রদান করা হবে।

- প্রাতিষ্ঠানিক বাজার কাকে বলে? ১
- বিপণনকারীকে কেন পণ্যের মান বজায় রাখতে হয়? ২
- মর্ডান টয়লেট্রিজ লিমিটেডের ভোক্তা বাজার বিভক্তিকরণের ভিত্তি বর্ণনা করো। ৩
- ঘোষিত বাট্টায় বিপণন মিশ্রণের কোন উপাদানটির প্রয়োগ ঘটেছে বলে তুমি মনে করো? মতামত দাও। ৪

৯. 'চাতাল হাউজ' বাংলাদেশের পাইকারি ও খুচরা বাজারে চাল সরবরাহের ব্যবসায় জড়িত। প্রতিষ্ঠানটি পলিধিন ব্যাগ ব্যবহার না করে পাটের ব্যাগ ব্যবহার করে চাল সরবরাহ করে থাকে। চাতাল হাউজের এ বিপণন পদ্ধতিটি পরিবেশের জন্য উপকারী হওয়াতে অন্যান্য ব্যবসায়ীরাও পাটের ব্যাগ ব্যবহারে উৎসাহিত হলেন।

- গ্রিন মার্কেটিং কী? ১
- গ্রিন-মার্কেটিং কেন প্রয়োজন? ২
- 'চাতাল হাউজ' কোন ধরনের বিপণন পদ্ধতি ব্যবহার করেছে? ব্যাখ্যা করো। ৩
- 'চাতাল হাউজের' দেখাদেখি পাটের ব্যাগ ব্যবহারে ব্যবসায়ীদের যে উৎসাহ দেখা যাচ্ছে তা তুমি কীভাবে মূল্যায়ন করবে? ৪

বিশেষ প্রতীক : সরবরাহকৃত বহুনির্বাচনী অতীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রশ্নের বর্ণিত বিবরণের সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের চিহ্নটি বসে পয়েন্ট কমান হারা সম্পূর্ণ ভরতি হবে। প্রতিটি প্রশ্নের মান ১।

১. ব্যাংকিং কার্যক্রম পরিচালনার জন্য ব্যাংকের অবস্থান কীভাবে হওয়া উচিত?
- ক) গ্রাহকের কাছাকাছি খ) সরকারের কাছাকাছি
 গ) ব্যাংকের কাছাকাছি ঘ) যানবাহনের কাছাকাছি
২. কোনটি বাণিজ্যিক ব্যাংকের ব্যবসায় পরিচালনার মাধ্যম?
- ক) অর্থ স্থানান্তর খ) শেয়ার বিক্রয়
 গ) মুদ্রা তৈরি ঘ) মূলধনের স্থিতিশীলতা
৩. বাণিজ্যিক ব্যাংকের সাথে কাদের গোপনীয়তা রক্ষা ও বিধায়ে সম্পর্ক স্থাপন আবশ্যিক?
- ক) সরকারের খ) আমানতকারীর
 গ) শেয়ারহোল্ডারদের ঘ) মুদ্রাবাজারের
৪. আধুনিক ব্যাংকের মূলনীতি কোনটি?
- ক) সম্মেলতার নীতি খ) স্বাধীনতাবিবরণ নীতি
 গ) দক্ষতার নীতি ঘ) গোপনীয়তার নীতি
৫. ব্যাংক বিবেচিত হয় —
- i. নিরাপত্তার প্রতীক হিসেবে
 ii. জনকল্যাণের প্রতীক হিসেবে
 iii. গোপনীয়তার প্রতীক হিসেবে
- নিচের কোনটি সঠিক?
- ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii
৬. অনলাইন ব্যাংকিং কোন ধরনের ব্যাংক ব্যবস্থার অধিক সুবিধামূলক?
- ক) শাখা খ) একক গ) গ্রুপ ঘ) ডেইন
৭. গ্রুপিং ব্যবস্থার করে কর্মচারীরা কেন সুবিধা পেতে থাকে?
- ক) অধিক অর্থ উপার্জন করতে পারে
 খ) সময়ের অপচয় রোধ করে
 গ) কাজকে সহজতর করে
 ঘ) নতুন নতুন জিনিস শেখার সুযোগ পায়
৮. অনলাইন ব্যাংকিং-এর সুবিধা কোনটি?
- ক) একটি ব্যাংকের যেকোনো শাখা থেকে টাকা উঠানো যায়
 খ) ড্রেডিট কার্ড সুবিধা লাভ করা যায়
 গ) ২৪ ঘণ্টা ব্যাংকিং সেবা পাওয়া যায়
 ঘ) নিজেই নিজের হিসাব ড্রেডিট করা যায়
৯. কোন ব্যাংকিংয়ে কোনটি দক্ষ রাখতে হয়?
- ক) সহজ উপকরণের সহজলভ্যতা
 খ) গ্রাহকের পরিচয় সত্যতা
 গ) গ্রাহকের অতিভাবক চিহ্নিতকরণ
 ঘ) দক্ষ কর্মী দ্বারা পরিচালিত করা
১০. হস্তান্তরযোগ্য ঋণের দলিলের অন্তর্ভুক্ত হলো —
- i. বিনিময় বিল ii. ব্যাংক নোট
 iii. ব্যাংকের আঙ্গাশহ
- নিচের কোনটি সঠিক?
- ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii
১১. ব্যাংক ড্রাফট ব্যবহার করা হয় কেন?
- ক) অর্থের নিরাপত্তা বিধানের জন্য
 খ) প্রাপকের অর্থপ্রাপ্তি নিশ্চিত করার জন্য
 গ) পাওনাদারকে অর্থ প্রদানের জন্য
 ঘ) অর্থের নিরাপদ স্থানান্তরের জন্য
১২. দায়বদ্ধ পক্ষ হতে জালদার করে অর্থ আদায়ের পূর্বে কোন ধরনে বিজ্ঞপ্তি প্রদান করতে হবে?
- ক) মামলার বিজ্ঞপ্তি খ) প্রত্যাবানের বিজ্ঞপ্তি
 গ) দলিলের বিজ্ঞপ্তি ঘ) অঙ্গীকারের বিজ্ঞপ্তি
১৩. মুদ্রা সংকোচনের কয়েকটি ক্ষেত্র কী হতে?
- ক) তিনিসের নাম বাড়ে খ) সুদের হার কমে
 গ) বিনিয়োগ কমে ঘ) কর্মসংস্থান বাড়ে
- উদ্দেশ্যকর্তা পড়ো এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও।
 এক ব্যাংকের এম. ডি. জনাব শাহরিয়ারের সাথে কেন্দ্রীয় ব্যাংকের বড় কর্মকর্তাদের বৃহৎ আলোচনা সম্পর্কিত। সে কারণে তিনি কেন্দ্রীয় ব্যাংক থেকে হেফাজত সহযোগিতা পান। তবে কিছু বিষয় থাকে যেখানে তার অতিরিক্ত সুবিধা পাওয়ার তেমন সুযোগ নেই।
১৪. জনাব শাহরিয়ার কেন্দ্রীয় ব্যাংক থেকে তার ব্যাংকের জন্য প্রয়োজনীয় কোন মুদ্রা সুবিধা পেতে পারেন?
- ক) ঋণ নিয়ন্ত্রণে ছাড় প্রাপ্তি খ) অধিক ঋণ সুবিধা প্রাপ্তি
 গ) কম সুদে ঋণ প্রাপ্তি ঘ) নিকাশখণ্ডের সুবিধা প্রাপ্তি

১৫. উদ্দেশ্যকর্তা বলা হয়েছে এমন কিছু বিষয় থাকে যেখানে অতিরিক্ত সুবিধা প্রাপ্তির সুযোগ নেই, এমন ক্ষেত্র হলো —
- i. নগদ জমা সংরক্ষণ ii. বিবিধত্ব জমা সংরক্ষণ
 iii. নিকাশ খণ্ড সুবিধা
- নিচের কোনটি সঠিক?
- ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii
১৬. মাসের আর্থিক ক্ষতির জন্য ঋণদান দিবে কে?
- ক) জাহাজ মালিক খ) জাহাজের কর্মচারী
 গ) জাহাজের কাগরন ঘ) বিমাকারী
১৭. জাহাজে রক্ষিত পণ্ডের মুক্তি এভাবে কোন বিমা করা হয়?
- ক) ঋণদান বিমা খ) নৌ দায় বিমা
 গ) পণ্য পরিবহন বিমা ঘ) নৌদান বিমা
১৮. নৌ বিমার আনয়ন উপাদান হলো —
- i. উভয়পক্ষের যোগে ii. দুটি পক্ষ
 iii. বৈধ উদ্দেশ্য
- নিচের কোনটি সঠিক?
- ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii
১৯. আর্থিক নিচ্ছরতা প্রদানের ক্ষেত্রে সম্পাদিত চুক্তি কোনটি?
- ক) বেধ চুক্তি খ) সঙ্কর চুক্তি
 গ) লিখিত চুক্তি ঘ) বিমা চুক্তি
২০. কীসের জন্য বিমাগ্রহীতা ও বিমাকারী দায়বদ্ধ হয়?
- ক) মালিক কারণে খ) নিয়ম-নীতির কারণে
 গ) অর্থনৈতিক কারণে ঘ) আইনগত কারণে
২১. বিমাপত্রে উল্লেখ থাকে —
- i. চুক্তির শর্ত ii. চুক্তির বিবরণ
 iii. চুক্তির লগন
- নিচের কোনটি সঠিক?
- ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

- উদ্দেশ্যকর্তা পড়ো এবং ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও।
 আনিস একটি প্রতিষ্ঠানে কর্মরত। উক্ত প্রতিষ্ঠানটি আনিসকে অর্থ জমা রাখে, জমাকৃত অর্থ উঠানোর সুযোগ প্রদান করে। উক্ত প্রতিষ্ঠানের সকল কার্যক্রম একটি হিসাবের মাধ্যমে সংঘটিত হয়।
২২. আনিসের কর্মরত প্রতিষ্ঠানটি কর ধরনের হিসাব পরিচালনা করে?
- ক) ৬ ধরনের খ) ৫ ধরনের
 গ) ৪ ধরনের ঘ) ৩ ধরনের
২৩. আনিসের কর্মরত প্রতিষ্ঠানটিতে হিসাবের মাধ্যমে জমা দেয়া যেতে পারে —
- i. নগদ অর্থ ii. চেক
 iii. বিনিময় বিল
- নিচের কোনটি সঠিক?
- ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii
২৪. KYC Profile কী?
- ক) গ্রাহকের ব্যবসায়ী সেনদনের ধরন সম্পর্কিত বর্ণনা
 খ) গ্রাহক সেবা সম্পর্কে বর্ণনা
 গ) গ্রাহকের নাম, পেশা, হিসাবের উদ্দেশ্য ইত্যাদি সম্পর্কে বর্ণনা
 ঘ) গ্রাহকের ঋণ সম্পর্কিত বর্ণনা
২৫. স্বপ্নগ্রহীতার নিকট হতে জ্ঞানাত গ্রহণ করে কোনটির নিচ্ছরতা বিধান সম্ভব?
- ক) আমানতের খ) ঋণের নিচ্ছরতা
 গ) সুদের নিচ্ছরতা ঘ) মুদ্রাকার নিচ্ছরতা
২৬. ঋণদানের ক্ষেত্রে কোন ঋণকে সবচেয়ে উপস্থূলক ঋণ হিসেবে বিবেচনা করা যায়?
- ক) সেবামূলক ঋণ খ) সামাজিক উন্নয়ন ঋণ
 গ) আমদানির ঋণ ঘ) বিনিয়োগের ঋণ
২৭. নিম্নলিখিত লিগেনের অধিকার কীসের ওপর প্রয়োগ করা যায়?
- ক) হস্তান্তর সম্পত্তির
 খ) ঋণের বিপরীতে প্রাপ্ত সম্পত্তি বা আমানতের
 গ) স্বত্ত্বাধী সম্পত্তির
 ঘ) দখলহীন সম্পত্তির
২৮. মোটরসাইকেল বিমা কোন ধরনের বিমার অন্তর্ভুক্ত?
- ক) বিমান বিমা খ) জনদায় বিমা
 গ) যানবাহন বিমা ঘ) মোটরগাড়ি বিমা

২৯. কলিম একজন নিকট প্রতিক। সে নির্ধারিত কাজ করার সময় কোন ধরনের দুর্ঘটনার সম্মুখীন হতে পারে?
- ক) বিমান দুর্ঘটনা খ) জরি হস্তগতির দ্বারা অক্ষত
 গ) আকস্মিক মৃত্যু ঘ) পুর দ্বারা অক্ষত
৩০. জীবন বিমার অন্যতম উদ্দেশ্য কী?
- ক) বেকার সুবন্ধনের ক্ষেত্রে ব্যবস্থা করা
 খ) ব্যবসায়িক ক্ষেত্রে ঋণ দেয়া
 গ) সঙ্কর ও বিনিয়োগের সুযোগ প্রদান
 ঘ) দুর্ঘটনার সম্পত্তির ভর-ক্ষতিজনিত বরত প্রদান
- উদ্দেশ্যকর্তা পড়ো এবং ৩১ ও ৩২ নং প্রশ্নের উত্তর দাও।
 মি. দত্ত ১০,০০,০০০ টাকার জীবন বিমাপত্র ক্রয় করেছেন। যাতে মৃত্যু না হলেও নির্দিষ্ট সময় পরে একত্রে অর্থ পাওয়া যায়। অন্যান্য বিমাপত্র অংশে বেশি প্রিমিয়াম দিতে হবে যেনেও তিনি বুঝি।
৩১. মি. দত্ত কোন ধরনের বিমাপত্র ক্রয় করে আনয়ী?
- ক) বৃষ্টি খ) মেয়াদি
 গ) সাময়িক ঘ) এককালীন
৩২. মি. দত্তকে এ ধরনের বিমাপত্র সংগ্রহে বেশি প্রিমিয়াম দিতে হবে, এর কারণ —
- i. এক্ষেত্রে সঙ্কর ও বিনিয়োগ সুবিধা পাওয়া যায়
 ii. এক্ষেত্রে বিমাদানি প্রাপ্তি নিশ্চিত
 iii. এক্ষেত্রে ঋণ প্রাপ্তির সুযোগ রয়েছে
- নিচের কোনটি সঠিক?
- ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii
৩৩. বিনিময় বিল ব্যাংকডায়ে ব্যবহৃত হয় —
- i. বৈদেশিক বাণিজ্যে সেনদনে নিষ্ক্রান্তিত
 ii. মুদ্রা পরিপোষে iii. ব্যবসা-বাণিজ্যে
- নিচের কোনটি সঠিক?
- ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii
৩৪. উৎসেপন চিঠির আধুনিক রূপ কোনটি?
- ক) ব্যাংক ড্রাফট খ) ব্যাংক চেক
 গ) এটিএম কার্ড ঘ) ব্যাংক বিল
- উদ্দেশ্যকর্তা পড়ো এবং ৩৫ নং প্রশ্নের উত্তর দাও।
 জনাব আনসারীর নামে লেখা একটি ২০,০০০ টাকার ড্রাকম চেক পেতে তিনি শিখনে শুমুভার ঋণদান করে তা মি. শূন্যকর্তে প্রদান করলেন। মি. শূন্যকর্তে তা আনসারীকে প্রদান করলো। আনসারী ব্যাংক কাউন্টার থেকে চেকটি জমাতে সমর্থ হয়েছেন।
৩৫. ব্যাংক কেন ডায়মিক পরিচিতি সনাক্তকরণ ছাড়াই অর্থ প্রদান করে?
- ক) চেকের বাহক যথার্থ ছিল বলে
 খ) চেকের পাঠায় কোনো ভুল ছিল না বলে
 গ) চেক আনসারীর পক্ষে সীমিত অনুমোদন ছিল বলে
 ঘ) সাধারণ অনুমোদন থাকার চেকটি বাহক হেবে পরিপূর্ণ হওয়ার বলে
৩৬. অগ্নি বিমাপত্রের প্রস্তাব ক্রয় সংগ্রহ করে তা পূরণের মাধ্যমে কোন ধাপ সম্পন্ন হয়?
- ক) সম্পূর্ণ ধাপ খ) প্রাথমিক ধাপ
 গ) শেষ ধাপ ঘ) মধ্যম ধাপ
৩৭. কোনটি অগ্নিবিমার সাথে সম্পর্কিত?
- ক) উত্তর বিমাপত্র খ) প্রতিরক্ষা পত্র
 গ) গচ্ছা ঘ) যোগ্য প্রদান
- উদ্দেশ্যকর্তা পড়ো এবং ৩৮ ও ৩৯ নং প্রশ্নের উত্তর দাও।
 শাহাদাৎ আমদানি-রপ্তানি ব্যবসায়ের কাজে নিয়োজিত। নতুন একজন রপ্তানিকারক শাহাদাৎ-এর কাছে পণ্য বিক্রয় করার নিচ্ছরতা পাচ্ছে না। কারণ শাহাদাৎ তাকে পণ্যাদায় প্রদান করে এও নিচ্ছরতা নেই।
৩৮. শাহাদাৎ-এর এও পূর্ণাঙ্গিতিতে কোন দলিলটি প্রয়োজন?
- ক) প্রত্যাপন খ) ব্যাংকের আঙ্গাশহ
 গ) পে-অর্ডার ঘ) ব্যাংকের নিচ্ছরতাপত্র
৩৯. শাহাদাৎ-এর ব্যবহৃত দলিলটির বৈশিষ্ট্য হলো —
- i. মুদ্রা পরিপোষের নিচ্ছরতা
 ii. হস্তান্তর অযোগ্য
 iii. জামানত প্রদান
- নিচের কোনটি সঠিক?
- ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii
৪০. আমদানি-রপ্তানি বাণিজ্যে বাণিজ্যিক ব্যাংকের প্রধান কাজ কী?
- ক) সহায়তা দান খ) প্রতিনির্ভর করা
 গ) অর্থসংস্থান করা ঘ) দিকনির্দেশনা দেয়া

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০
২১	২২	২৩	২৪	২৫	২৬	২৭	২৮	২৯	৩০	৩১	৩২	৩৩	৩৪	৩৫	৩৬	৩৭	৩৮	৩৯	৪০